

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
পিএসসি সড়ক, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা।
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নথি নং- ৮০.০০.০০০০.২০০.৬০.১৫৫.১৭-৭৫৪

তারিখ : ২৩.১১.২০১৭


বিষয় : ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর লিখিত পরীক্ষায় বিসিএস-এর সাধারণ ক্যাডারের পদসমূহের জন্য উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৯.১১.২০১৭ তারিখ হতে শুরু হবে। সাধারণ ক্যাডারের রেজিস্ট্রেশন নম্বর ০০০০০৯ হতে ০৬০৮৬১ পর্যন্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি এবং নির্দেশাবলি সরকারী কর্ম কমিশনের ১৪.১১.২০১৭ তারিখের ৮০.০০.০০০০.২০০.০৬০.১৫৫.১৭-৭৪০নং বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হয়েছে।

২. উল্লেখ্য, প্রার্থীদের নামে ডাকযোগে কোনো সাক্ষাৎকারপত্র ইস্যু করা হবে না। কমিশন কর্তৃক প্রকাশিত উপরোক্ত বিজ্ঞপ্তির ১ ও ২ নং অনুচ্ছেদের নির্দেশনামতে প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) হতে সাক্ষাৎকারপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।

৩. উল্লিখিত বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাচ্ছে। বিস্তারিত জানতে ১৪.১১.২০১৭ তারিখে কমিশনের ওয়েবসাইটে প্রকাশিত মৌখিক পরীক্ষার উপরোক্ত বিজ্ঞপ্তি দেখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


২৩.১১.১৭
(আ.ই.ম. নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)